

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৫০

পর্ব ২১: খাদ্য (১৯৯১)

পরিচ্ছেদঃ ১. দিতীয় অনুচ্ছেদ - অতিথি আপ্যায়ন প্রসঙ্গে

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَثَلُ الْمُوْمِنِ وَمَثَلُ الْإِيمَانِ كَمَثَلِ الْفَرَسِ فِي آخِيَّتِهِ يَجُولُ ثُمَّ يَرْجِعُ إِلَى آخِيَّتِهِ وَإِنَّ الْمُوْمِنَ يَسْهُو ثُمَّ يَرْجِعُ إِلَى الْإِيمَانِ الْفَرَسِ فِي آخِيَّتِهِ يَجُولُ ثُمَّ يَرْجِعُ إِلَى الْإِيمَانِ فَأَطْعِمُوا طَعَامَكُمُ الْأَتْقِيَاءَ وَأُولُوا مَعْرُوفَكُمُ الْمُؤْمِنِينَ». رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ فَأَوْلُوا مَعْرُوفَكُمُ الْمُؤْمِنِينَ». رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ» وَأَبُو نُعَيْمٍ فِي «الْحِلْية»

#### বাংলা

8২৫০-[৮] আবৃ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ঈমানদার ব্যক্তি ও ঈমানের দৃষ্টান্ত হলো খুঁটিতে বাঁধা ঘোড়ার ন্যায়। তা চক্কর কাটতে থাকে। অবশেষে খুঁটির দিকে ফিরে আসে। অনুরূপভাবে কোন মু'মিন (কখনো কখনো) ভুল-ভ্রান্তিতে লিপ্ত হয়, আবার ঈমানের দিকে প্রত্যাবর্তন করে। অতএব তোমাদের খানা-খাদ্য (খাদ্যবস্তু) পরহেজগার লোকেদেরকে খাওয়াও এবং তোমাদের দান-খয়রাত ঈমানদারদেরকে প্রদান করো। (বায়হাকবী- শু'আবুল ঈমান এবং আবৃ নু'আয়ম হিলয়াহ্ গ্রন্থে)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: শু'আবুল ঈমান ১০৯৬৪, হিলইয়াতুল আওলিয়া ৮/১৭৯, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৮৩১, তাহকীক মুসনাদে আহমাদ ১১৫৪৩।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে 'আবৃ সুলায়মান''। ইনি একজন অপরিচিত বর্ণনাকারী (মাজহূল)। আরো একজন বর্ণনাকারী হলেন, 'আবদুল্লাহ ইবনুল ওয়ালীদ'' ইনি একজন য'ঈফ রাবী। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ৬৬৩৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (ثُمَّ يَرْجِعُ إِلَى آخِيَّتِه) ''অবশেষে উক্ত খুঁটির দিকে ফিরে আসে'' অর্থাৎ খুঁটিতে বাঁধা জানোয়ার যেমন



দড়ির পরিধির মধ্যে ঘুরতে থাকে, অবশেষে খুঁটির গোড়ায় ফিওে আসে, তেমনি কোন ঈমানদার ব্যক্তি যদিও গুনাহে লিপ্ত হয়, পরে অনুশোচনা জাগ্রত হলে তাওবাহ্ করে ইমানের দিকে ফিরে আসে এবং 'ইবাদাতের যা কিছু হারিয়েছে তা পূরণ কর নেয়।

(أَطْعِمُوا طَعَامِكُمُ الْأَتْقِيَاءَ) "তোমাদের খাদ্য পরহেজগার লোকেদের খাওয়াও" এখানে পরহেজগার লোকেদেরকে খাস বা নির্দিষ্ট করার কারণ হলো খাদ্য শরীরের অংশ হয়ে শরীরকে শক্তিশালী করে ফলে 'ইবাদাতে মনোযোগী হয়ে সে (পরহেজগার ব্যক্তি) তোমার জন্য দু'আ করবে। আর তোমার ব্যাপারে তার দু'আ কবুল করা হবে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন